


যুগান্তর

নিয়ামতপুরের টিএইচবি দাখিল মাদ্রাসা

জেডিসির ২১ পরীক্ষার্থীর ২০ জনই অনুপস্থিত

প্রকাশ : ১২ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 নিয়ামতপুর (নওগাঁ) প্রতিনিধি

নওগাঁর নিয়ামতপুর উপজেলায় চলমান জেডিসি পরীক্ষায় টিএইচবি দাখিল মাদ্রাসার মোট ২১ পরীক্ষার্থীর ২০ জনই অনুপস্থিত রয়েছে। নাম রেজিস্ট্রেশনের পর প্রতিষ্ঠানের পক্ষ থেকে এত বড় অনুপস্থিতির বিষয়টি নিয়ে আলোচনার বাড়া চলছে সর্বত্রই। শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের মাঝে প্রশ্ন হয়ে দেখা দিয়েছে কেন এ অনুপস্থিতি? নিয়ামতপুর উপজেলায় এবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় মোট ৬টি কেন্দ্রের (জেএসসি ৪টি, জেডিসি ১টি এবং ভোকেশনাল ১টি) পরীক্ষার্থীর সংখ্যা ৩ হাজার ৪২৪ জন। এদের মধ্যে মোট অনুপস্থিতির সংখ্যা ৮১ জন। জেডিসিতে পরীক্ষার্থীর সংখ্যা ৬৫৮ জন। এদের মধ্যে অনুপস্থিত ছাত্র ৩৪ জন ও ছাত্রী ২৫ জন। জেডিসি পরীক্ষায় পরীক্ষার্থীদের অনুপস্থিতির কারণ অনুসন্ধান জানা গেছে, কোনো প্রতিষ্ঠান নতুন করে স্বীকৃতি ও পাঠদান অনুমতি পেতে হলে ন্যূনতম ২০ জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের প্রয়োজন পড়ে। তাই বোর্ডের পাঠদান অনুমতি পেতে টিএইচবি দাখিল মাদ্রাসা কর্তৃপক্ষ বিভিন্ন নামে-বেনামে অষ্টম শ্রেণীতে (জেডিসি পরীক্ষার জন্য) মোট ২১ জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করে। এসব শিক্ষার্থী শুধু কাগজে-কলমে থাকলেও বাস্তবে পরীক্ষার হলে নেই। প্রতিষ্ঠানের পক্ষে শুধু মাসুরা খাতুন নামের একজন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে বলে জানান প্রতিষ্ঠানটির প্রধান মাদ্রাসা সুপার মাহাতাব উদ্দীন। তবে ২০ জন শিক্ষার্থীর অনুপস্থিতির বিষয়ে জানতে চাইলে আর কিছু বলতে চাননি তিনি। জানা গেছে, ২০০০ সালে টিএইচবি দাখিল মাদ্রাসাটি স্থাপিত হয়ে পাঠদান কার্যক্রম শুরু করে। ১৪ জন শিক্ষক নিয়ে দীর্ঘ ১৮ বছর ধরে মাদ্রাসাটিতে পাঠদান করলেও আজও এমপিওভুক্ত হয়নি প্রতিষ্ঠানটি। বর্তমানে মাদ্রাসাটিতে ছাত্রছাত্রীর সংখ্যা ১ম শ্রেণী থেকে ৭ম শ্রেণী পর্যন্ত ২৫২ জন। এমন ঘটনায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শাহ আলম শেখের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, একটি শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পরীক্ষায় এত বড় অনুপস্থিতির খবর জানেন না তিনি; এখন জানলেন। বিষয়টির খোঁজখবর নেবেন বলেন তিনি। ওই প্রতিষ্ঠানের সব শিক্ষার্থীর অনুপস্থিতির বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু সালেহ মো. মাহফুজুল আলম বলেন, ‘এমন অনুপস্থিতি মোটেও কাম্য নয়। তবে এ ঘটনায় তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।’

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।